

শিক্ষার্থীদের দাবির মুখে বুয়েটের চলমান পরীক্ষা স্থগিত

অনলাইন ডেস্ক

২১ এপ্রিল, ২০২৪
০৩:২৭

শেয়ার

অ +

অ -



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্ররাজনীতির বিরুদ্ধে আন্দোলনরত শিক্ষার্থীদের দাবির মুখে পূর্বনির্ধারিত ও চলমান সব পরীক্ষা স্থগিত করেছে বুয়েট কর্তৃপক্ষ।

শনিবার (২০ এপ্রিল) বিকেলে বুয়েট উপাচার্য অধ্যাপক ড. সত্যপ্রসাদ মজুমদারের সভাপতিত্বে জরুরি একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বুয়েটের ছাত্রকল্যাণ পরিদপ্তরের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আল আমিন সিদ্ধিক বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ না করায় একাডেমিক কাউন্সিলের সভায় সব পরীক্ষা স্থগিত করা হয়েছে।

তবে কবে সেই পরীক্ষা অনুষ্ঠিত হবে সে জন্য আমরা শিক্ষার্থীদের সঙ্গে বসব, আলোচনা করব, এরপর নতুন তারিখ ঘোষণা করা হবে। শিক্ষার্থীদের সঙ্গে আলাপ-আলোচনা করে আমরা হাইকোর্টের বিষয়টি সমাধান করব। আর হাইকোর্টের লিখিত আদেশ না পাওয়ায় আমরা এখনো সেদিকে চিন্তা-ভাবনা করিনি। লিখিত আদেশ পেলে সে অনুযায়ী আমরা ব্যবস্থা নেব।

গত ২৮ মার্চ মধ্যরাতে ছাত্রলীগের কেন্দ্রীয় নেতারা বুয়েট ক্যাম্পাসে প্রবেশ করলে এ নিয়ে আন্দোলন শুরু করেন শিক্ষার্থীরা। আন্দোলনের পরিপ্রেক্ষিতে বুয়েটের শিক্ষার্থী ইমতিয়াজ রাবি ছাত্ররাজনীতি চালুর দাবিতে হাইকোর্টে রিট করেন। ফলে বুয়েটের ছাত্ররাজনীতিতে নিষেধাজ্ঞা স্থগিতের আদেশ দেন হাইকোর্ট।

এদিকে শিক্ষার্থীরা রাজনীতি বন্ধের দাবি আদায়ের লক্ষ্যে দৃশ্যমান আন্দোলন না করলেও দু-একজন ছাড়া সবাই পরীক্ষা বর্জন করে আসছিলেন।

শিক্ষার্থীদের দাবির মুখেই এবার বুয়েট কর্তৃপক্ষ পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত নিল।